



সালমান শাহর মরদেহ উত্তোলনের আদেশ বাতিল



সালমান শাহ। ছবি: সংগৃহীত

চিত্রনায়ক সালমান শাহর মরদেহ কবর থেকে উত্তোলনের পূর্বের আদেশ বাতিল করেছেন আদালত। মৃত্যুর প্রায় তিন দশক পর মরদেহ উত্তোলনের উদ্যোগ নিয়ে আলোচনার মধ্যেই এ সিদ্ধান্ত এলো।

মঙ্গলবার (২৩ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জুয়েল রানার আদালতে মামলার বাদী মোহাম্মদ আলমগীর কুমকুম মরদেহ উত্তোলনের আদেশ বাতিল চেয়ে আবেদন করেন। শুনানি শেষে আদালত আবেদনটি মঞ্জুর করেন।

বাদীপক্ষের আইনজীবী আবিদ হাসান বলেন, দীর্ঘ ৩০ বছর পর মরদেহ উত্তোলন করে নতুন কোনো তথ্য পাওয়ার সম্ভাবনা নেই। এছাড়া বিষয়টি ধর্মীয় অনুভূতিতে আঘাত হানতে পারে এবং শাহজালাল (রহ.) মাজার এলাকায় অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হওয়ার আশঙ্কাও রয়েছে। এসব বিষয় বিবেচনায় নিয়ে আদালতে আবেদন করা হয়।

এর আগে গত ২৪ মে মামলার তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে সালমান শাহর মরদেহ কবর থেকে উত্তোলন করে সুরতহাল ও ময়নাতদন্তের অনুমতি দিয়েছিলেন আদালত। ওই আবেদনে তদন্তের স্বার্থে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগেরও অনুরোধ জানানো হয়েছিল।

উল্লেখ্য, ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর রহস্যজনক পরিস্থিতিতে মারা যান জনপ্রিয় এই চিত্রনায়ক। তার মৃত্যু নিয়ে দীর্ঘদিন ধরে বিতর্ক ও আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। এ ঘটনায় দায়ের হওয়া মামলার তদন্ত এখনও অব্যাহত রয়েছে।